কালের কণ্ঠ
ঢাকা। বুধবার। ২৪ জুন ২০২৬
১০ আষাঢ় ১৪৩৩। ৮ মহররম ১৪৪৮

North South University Library ★1992★

# প্রধানমন্ত্রীর মালয়েশিয়া সফর ও শ্রমবাজার চালুর সম্ভাবনা নিয়ে এনএসইউতে ওয়েবিনার

২২ জুন ২০২৬ 'প্রধানমন্ত্রীর মালয়েশিয়া সফর : বন্ধ শ্রমবাজার খুলবে কি?' শীর্ষক একটি লাইভ ওয়েবিনারের আয়োজন করে নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্ন্যান্সের (এসআইপিজি) সেন্টার ফর মাইগ্রেশন স্টাডিজ (সিএমএস)। প্রধানমন্ত্রী তারেক রহমানের মালয়েশিয়া সফর এবং বাংলাদেশি কর্মীদের জন্য মালয়েশিয়ার শ্রমবাজার পুনরায় চালুর সম্ভাবনাকে কেন্দ্র করে এই ওয়েবিনার অনুষ্ঠিত হয়। সেশনটি সঞ্চালনা করেন এনএসইউর সেন্টার ফর মাইগ্রেশন স্টাডিজের সমন্বয়ক সহযোগী অধ্যাপক সেলিম রেজা। মালয়েশিয়াভিত্তিক বাংলাদেশি অভিবাসী কর্মী আশরাফুল আলম মালয়েশিয়ায় বাংলাদেশি কর্মীদের মাঠ পর্যায়ের অভিজ্ঞতা তুলে ধরেন। মালয়েশিয়ার ইউনিভার্সিটি সুলতান জয়নাল আবিদিনের সিনিয়র লেকচারার ড. মো. মাহবুবুল হক বলেন, 'মালয়েশিয়ার শ্রমবাজার পুনরায় চালু নিয়ে এখন পর্যন্ত কোনো চুক্তির আনুষ্ঠানিক নিশ্চয়তা পাওয়া যায়নি।' এনএসইউর সেন্টার ফর মাইগ্রেশন স্টাডিজের সহযোগী অধ্যাপক ও সদস্য ড. মোহাম্মদ জালাল উদ্দিন শিকদার বলেন, 'আলোচনা শুধু শ্রম অভিবাসনে সীমাবদ্ধ না রেখে নতুন অর্থনৈতিক সহযোগিতার ক্ষেত্র খুঁজে বের করা জরুরি।' এনএসইউর সেন্টার ফর মাইগ্রেশন স্টাডিজের সিনিয়র লেকচারার ও সদস্য এস এন আজাদ বলেন, 'শুধু সফর দিয়ে দীর্ঘদিনের শ্রমবাজার সংকটের সমাধান হবে না; এর জন্য সুনির্দিষ্ট নীতিগত পদক্ষেপ প্রয়োজন।' এনএসইউর এসআইপিজির সিনিয়র রিসার্চ ফেলো রাষ্ট্রদূত সুফিউর রহমান বলেন, 'ভবিষ্যতে কর্মী পাঠানোর ক্ষেত্রে বাংলাদেশকে মালয়েশিয়ার পরিবর্তনশীল শ্রমবাজারের চাহিদা অনুযায়ী উচ্চতর দক্ষতাসম্পন্ন কর্মী তৈরিতে মনোযোগ দিতে হবে।' ওয়েবিনারে শিক্ষাবিদ, অভিবাসন গবেষক, সাংবাদিক, শিক্ষার্থী ও সাধারণ অংশগ্রহণকারীরা যুক্ত ছিলেন।